# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সফর থেকে প্রত্যাবর্তন করার ব্যাপারে স্ত্রীকে সম্মত করানোর নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِإِرْضَاءِ الْمَرْءِ أَهْلَهُ عِنْدَ قُدُومِهِ من سفره

আরবী

2706 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ وَهْبِ بْنِ كَيْسَانَ عَنْ جَابِرٍ قَالَ: خَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزَاةٍ فَقَالَ: (تَزَوَّجْتَ؟ ) قُلْتُ: نَعَمْ قَالَ: (بِكْرًا أَمْ ثَيِّبًا؟ ) قُلْتُ: بَلْ ثَيِّبًا قَالَ: (فَهَلَّا جَارِيَةً تُلَاعِبُهَا وَتُلَاعِبُكَ؟ ) قُلْتُ: إِنَّ لِي أَخَوَاتٍ فَأَحْبَبْتُ أَنْ أَتَزَوَّجَ امْرَأَةً تَجْمَعُهُنَّ وتُمَشِّطُهُنَّ وَتَقُومُ عَلَيْهِنَّ قَالَ: (أَمَا إِنَّكَ قادم فإذا قَدِمْتَ فالكَيْسَ الكَيْسَ)
الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2706 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1787): ق ـ وله تتمة يأتي بها (6484 و 3099).
قَالَ أَبُو حَاتِمٍ: الكَيْسُ: أَرَادَ بِهِ الْجِمَاعَ

বাংলা

২৭০৬. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে একটি যুদ্ধে বের হই। এসময় তিনি আমাকে বলেন, “তুমি কি বিবাহ করেছো?” আমি বললাম, “জ্বী, হ্যাঁ।” তিনি আবারো জিজ্ঞেস করলেন, “কুমারী নাকি পূর্ব বিবাহিতা?” আমি বললাম, “বরং পূর্ব বিবাহিতা।” তখন তিনি বলেন, “কুমারী বিবাহ করলে না কেন, তবে তুমি তার সাথে খেলা করতে, সে তোমার সাথে খেলা করতো?” আমি বললাম, “আমার কিছু বোন আছে। সেজন্য আমি চেয়েছি এমন নারী বিবাহ করতে, যে তাদেরকে একত্রিত করে রাখবে, তাদের মাথার চুল আঁচড়িয়ে দিবে এবং তাদের দেখাশুনা করবে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “জেনো রেখো, যখন তুমি বাড়িতে আগমন করবে, তখন তুমি বুদ্ধিমত্ত্বার

পরিচয় দিবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “বুদ্ধিমত্ত্বার পরিচয় দেওয়া দ্বারা তিনি স্ত্রী মিলনের দিকে ইঙ্গিত করেছেন।”

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ২০৯৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৭৮৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92036

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন